# ইসলামী জ্ঞান: নিত্যদিনের প্রয়োজনে

বিভাগ/অধ্যায়ঃ শিয়া বিষয়ক

রচয়িতা/সঙ্কলকঃ ড. আবু বকর মুহাম্মাদ যাকারিয়া

শিয়ারা কেন শুধুমাত্র হুসাইনকে সম্মানিত ও মহিমান্বিত করে, আলী ইবনু আবি তালিব (রাদ্বিয়াল্লাহু আনহু)-এর অন্য সন্তানদের নয়?

কেন হুসাইন, কিন্তু হাসান নয়?

শিয়ারা কেন শুধুমাত্র হুসাইনকে সম্মানিত ও মহিমান্বিত করে, আলী ইবনু আবি তালিব (রাদ্বিয়াল্লাহু আনহু)-এর অন্য সন্তানদের নয়? আপনি কি কখনও নিজেকে এই প্রশ্ন করেছেন? এই ব্যাপারটি কি আপনাকে কখনও অবাক করেছে?

এমন এক তথ্য আছে, যা আপনাকে, অনেক মুসলিমকে, বিশেষ করে আরব শিয়াদেরও চমকে দিতে পারে। তবে তার আগে চলুন জেনে নেই আলী ইবনু আবি তালিব (রাদ্বিয়াল্লাহু আনহু)-এর সন্তানদের সম্পর্কেঃ

সন্তানদের নামঃ
1. হাসান ইবনু আলী ইবনু আবি তালিব
2. হুসাইন ইবনু আলী ইবনু আবি তালিব
3. মুহসিন ইবনু আলী ইবনু আবি তালিব
4. আব্বাস ইবনু আলী ইবনু আবি তালিব
5. হিলাল ইবনু আলী ইবনু আবি তালিব
6. আব্দুল্লাহ ইবনু আলী ইবনু আবি তালিব
7. জাফর ইবনু আলী ইবনু আবি তালিব
8. উসমান ইবনু আলী ইবনু আবি তালিব
9. উবাইদুল্লাহ ইবনু আলী ইবনু আবি তালিব
10. আবু বকর ইবনু আলী ইবনু আবি তালিব
12. উমর ইবনু আলী ইবনু আবি তালিব

আপনি কি কখনও দেখেছেন কোনো শিয়া পতাকায় লেখা আছে “ইয়া হাসান”? বা “ইয়া মুহসিন”, “ইয়া আব্বাস”? অবশ্যই না!
যদিও এভাবে মৃত মানুষকে সাহায্যের জন্য আহ্বান করা শির্ক। তারপরও তাদেরকে দেখবেন হুসাইন রাদ্বিয়াল্লাহু আনহুকে নিয়ে এ শির্ক করে যাচ্ছে।

তাহলে কেন শুধু "ইয়া_হুসাইন"?
কেন তারা হুসাইনের কাছেই সাহায্য চায়? হে মুসলিমগণ কখনও কি নিজের কাছে এই প্রশ্ন করেছেন?

এখন শুনুন বিস্ময়কর একটি তথ্য!

- আপনি কি জানেন, শিয়াদের বিশ্বাস অনুযায়ী বারো ইমাম সবাই শুধু হুসাইনের বংশধর?
- শিয়ারা কেবল হুসাইন রাদিয়াল্লাহু আনহুকে মহিমান্বিত করে, হাসান বা অন্য কাউকে নয়—
- কারণ হুসাইন বিয়ে করেছিলেন একজন ইরানি (ফারসি) নারীকে, যিনি ছিলেন কিসরা (পারস্য সম্রাট) ইয়াজদগার্দের কন্যা, নাম ছিল শাহরবানু (বা শাহজানাহ)।
- মুসলমানরা যখন কিসরার কন্যাদের বন্দী করে, তখন খলিফা উমর (রাদ্বিয়াল্লাহু আনহু) হুসাইন রাদ্বিয়াল্লাহু আনহুকে তাঁদের একজন, শাহজানাহকে উপহার দেন।
- হুসাইন তাঁর সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হন।
- এই কারণেই শিয়ারা হুসাইন রাদ্বিয়াল্লাহু আনহু এবং তাঁর বংশধরদের (ইমামদের) সম্মান করে।
- কারণ তাঁদের মতে, ওই ইমামগণের রক্তে ফারসি রাজবংশের (কিসরার) রক্ত মিশে আছে। আর তাই তারা বাস্তবে ভালোবাসে ফারসির রাজবংশকে, নবীজির (ﷺ) পরিবারকে নয়।

তাই মানুষকে জানতে দিন— শিয়ারা (বিশেষ করে ইরানের সাফাভী ঘরানার শিয়ারা) আসলে কিসরার বংশধরদের ভালোবাসে, আল্লাহর রাসূল মুহাম্মদ ﷺ এর আহলুল বাইতকে নয়।
এ বিষয়টি শুধু পড়বেন না, শেয়ারও করবেন যেন সবাই এটা জানে।

শাইখ মুহাম্মাদ ইবন উমর বাজমুল (হাফিযাহুল্লাহ) – ১৯ জুন ২০১৭

দ্রষ্টব্যঃ "আব্দুল্লাহ মুহাম্মদ আল-গরীব" এর "ওয়া জাআ দাওরুল মাজূস" গ্রন্থটি পড়লে আপনি বর্তমান ইরানিদের ব্যাপারে স্পষ্ট বুঝতে পারবেন যে তারা পারস্যের সভ্যতাকে প্রমোট করছে, ইসলামী সভ্যতা না।

## ফুটনোট

https://www.facebook.com/abubakar.m.zakaria/posts/pfbid0CSPpx3KigfeYoGtX7FJLSbH8akiXKD9bWRCgKPsyMuHv4xebiPp3BK4GZVxmsREPl

Source — https://www.hadithbd.com/books/link/?id=15105

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন